দৈনিক সংবাদ

MAR 22 2002

তারিখ ... ... ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ...

...হবে, ...উন্নয়ন ...হবে—বিধায় ...সংস্কারের জন্য ...র সুদৃষ্টি কামনা

এস রহমান, কর্মকর্তা
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
আজিমপুর, ঢাকা।

## কেন এ বৈষম্য?

ক'দিন আগে একটি জাতীয় দৈনিকে Career Opportunity নামে একটি বিজ্ঞপ্তি চোখে পড়ল। Textile Associates Ltd. নামের প্রতিষ্ঠানটি থেকে Electrical & Electronic service Engineer চাওয়া হয়েছে। যোগ্যতা চাওয়া হয়েছে এরকম ঃ M. Sc. in Applied Physics from the university of Dhaka. প্রশ্নটা এখানেই। যতদূর জানি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে Applied physics and Electronics নামে অনেকদিনের পুরনো (অনেকদিন আগের) একটি বিভাগ রয়েছে। এই বিভাগের ছাত্র-শিক্ষকদের সুনাম দেশে বিদেশে সর্বজন স্বীকৃত। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এই বিভাগ থেকে ওই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন মেয়াদে উপাচার্যের দায়িত্ব পালন করেছিলেন যথাক্রমে প্রফেসর এম. আর সরকার, প্রফেসর এম. এ রকীব (পরবর্তীকালে পিএসসি-এর সদস্য) প্রফেসর সাঈদুর রহমান খান প্রমুখ। ওই সমস্ত প্রথিতযশা শিক্ষক ছাড়াও ওই বিভাগে রয়েছেন আরও নামিদামি অনেক শিক্ষক। ওই বিভাগ থেকে পাশ করা ছাত্ররা দেশে বিদেশে বিভিন্ন প্রতিষ্ঠানে অনেক বড় বড় পদে সুনামের সঙ্গে কর্মরত আছেন।

প্রশ্ন হলো, Textile Associates Ltd. নামক প্রতিষ্ঠানটি কেন শুধু ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পাস করা ছাত্রদের কাছ থেকে দরখাস্ত চাইল। ঢাকা বিশ্ববিদ্যালয়কে হেয় করার জন্য আমার এ লেখা নয়, শ্রদ্ধা রেখেই বলতে চাই চাকরি নামক বস্তুটির পেছনে যখন লাখ লাখ বেকার ছেলে- মেয়ে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রি নিয়ে, ভাল Result নিয়ে ঘুরে বেড়াচ্ছে, সেখানে পরীক্ষা দেয়ার সুযোগটুকু দিতে কি আমাদের খুব কষ্ট হবে!

অঞ্জন মণ্ডল
কাজীপাড়া, মিরপুর, ঢাকা।